

🗏 আবাসা | Abasa | ত্ৰ্

আয়াতঃ ৮০: ১১

💵 আরবি মূল আয়াত:

كَلَّا إِنَّهَا تَذكِرَةٌ ﴿١١﴾

🗚 অনুবাদসমূহ:

কখনো নয়, নিশ্চয় এটা উপদেশ বাণী। — আল-বায়ান
না, এটা মোটেই ঠিক নয়, এটা তো উপদেশ বাণী, — তাইসিরুল
না, এই আচরণ অনুচিত, এটাতো উপদেশ বাণী; — মুজিবুর রহমান

No! Indeed, these verses are a reminder; — Sahih International

- ১১. কখনো নয়, এটা তো উপদেশ বাণী(১),
 - (১) অর্থাৎ এমনটি কখনো করবেন না। যে সব লোক আল্লাহকে ভুলে আছে এবং যারা নিজেদের দুনিয়াবী সহায়-সম্পদ ও প্রভাব-প্রতিপত্তির অহংকারে মত্ত হয়ে আছে, তাদেরকে অযথা গুরুত্ব দিবেন না। ইসলাম, আহি বা কুরআন এমন কিছু নয় যে, যে ব্যক্তি তার থেকে মুখ ফিরিয়ে থাকে তার সামনে নতজানু হয়ে তা পেশ করতে হবে। বরং সে সত্যের যতটা মুখাপেক্ষী নয় সত্যও তার ততটা মুখাপেক্ষী নয়। বরং তাদেরই ইসলামের মহত্তের সামনে নতজানু হতে হবে। [তাতিম্মাতু আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

- ১১। কক্ষনো (এরূপ করবে) না।[1] এটা তো উপদেশবাণী;
 - [1] অর্থাৎ, গরীব-মিসকীন ব্যক্তি থেকে মুখ ফিরিয়ে নেওয়া আর ধনবান ব্যক্তির প্রতি খাস মনোযোগ দেওয়া ঠিক নয়। এর ভাবার্থ হল যে, আগামীতে যেন পুনর্বার এইরূপ না ঘটে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5769

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন